রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

আয়কর

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ় ১৪১২/৬ জুলাই ২০০৫

এস, আর, ও নং ২০৫-আইন/আয়কর/২০০৫।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4)এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার তৈরি পোশাক এবং নীটওয়্যার উৎপাদনে নিয়োজিত করদাতার ১লা জুলাই, ২০০৫ হইতে ৩০শে জুন, ২০১০ পর্যন্ত সময়কালের জন্য রপ্তানি হইতে উদ্ভূত আয়ের ক্ষেত্রে Ordinance এর 53BB ধারায় উৎসে কর্তিত আয়করকে নিম্নবর্ণিত শর্তাধীনে চূড়ান্ত করদায় হিসাবে গণ্য করিল, যথাঃ—

(ক) উক্ত আয়ের ক্ষেত্রে Ordinance এর 19 বা 30 ধারায় সংযোজিত আয় চূড়ান্ত করদায় বহির্ভূত হইবে;

(খ) আয় নিরূপণের জন্য এ সকল প্রতিষ্ঠানের ধারণাগত আয়করের হার ১০% বিবেচনা-পূর্বক আয় নিরূপণ করিতে হইবে;

(গ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য যে কোন ধারার আয় এসব প্রতিষ্ঠানের জন্য স্বাভাবিক পদ্ধতিতে নিরূপিত হইবে;

(ঘ) সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস এর নিকট আয়কর রিটার্ণ, হিসাবের বিবরণী ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে এবং ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস উক্ত Ordinance এর section 28 এবং 29 এর অধীন উক্ত করদাতার অন্যান্য আয়, যদি থাকে, সহ করদাতার আয় নিরূপণকরতঃ কর নির্ধারণী কার্যসম্পন্ন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এস জহির মোহাম্মদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।
(৭৪১৯)
মূল্য ঃ টাকা ২.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com